শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
জলবায়ু পরিবর্তন-১

নং- ২২.০০.০০০০.০৮৬.১৪.০৩২.২২.৩৯ তারিখ ২৫ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে (CCTF) বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "হাকালুকি হাওড়ের হাল্লা পাখিবাড়ির (বঙ্গবন্ধু পুরস্কারপ্রাপ্ত) জীববৈচিত্র্য সংরক্ষণ ও ইকো-ট্যুরিজম উন্নয়ন" শীর্ষক প্রকল্পের প্রশাসনিক অনুমোদন আদেশ জারি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ২৬ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (BCCT) এর ট্রাস্টি বোর্ডের ৫৬তম সভায় জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে (CCTF) বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "হাকালুকি হাওড়ের হাল্লা পাখিবাড়ির (বঙ্গবন্ধু পুরস্কারপ্রাপ্ত) জীববৈচিত্র্য সংরক্ষণ ও ইকো-ট্যুরিজম উন্নয়ন" শীর্ষক প্রকল্প প্রস্তাব ১০০০.০০ লক্ষ (দশ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। প্রকল্পের অনুমোদিত ব্যয় বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে নির্বাহ করা হবে। এমতাবস্থায়, ট্রাস্টি বোর্ডের ৫৬তম সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে বর্ণিত প্রকল্পের প্রশাসনিক অনুমোদন আদেশ জারি করা হলো। অনুমোদিত প্রকল্প প্রস্তাবের এক প্রস্থ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

প্রকল্পের মূল মেয়াদ: অক্টোবর ২০২২ হতে সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত।
বাস্তবায়নকারী সংস্থা: বন অধিদপ্তর।
প্রকল্পটির অনুমোদিত আইটেম ও আইটেমওয়ারী ব্যয় বিভাজন নিম্নরূপঃ

(অংকসমূহ লক্ষ টাকায়)

| অর্থনৈতিক কোড | খাতের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| (ক) আবর্তক ব্যয় (সরবরাহ ও সেবা) | | |
| ৩২৪৪১০১ | ভ্রমন ব্যয় | ২ |
| ৩২১১১১৯ | ডাক | ০.৩ |
| ৩২২১১০৪ | রেজিস্ট্রেশন ফি | ০.৫ |
| ৩২৪৩১০২ | গ্যাস ও জ্বালানী | ১ |
| ৩২৪৩১০১ | পেট্রোল ও লুব্রিকেন্ট | ৩ |
| ৩২৫৫১০২ | মুদ্রণ ও বাঁধাই | ৩ |
| ৩২৫৫১০৫ | অন্যান্য মনোহারী | ১.৫ |
| ৩২১১১২৫ | প্রচার ও বিজ্ঞাপন (পাখিমেলা, বিভিন্ন বন্যপ্রাণী দিবস উদযাপন, হাতি, দিবস, জীববৈচিত্র দিবস, সাময়িকী, পুস্তিকা, প্রচারপত্র, পোস্টার, বুকলেট, ডকুমেন্টটরী ফিল্ম প্রদর্শন, ভ্রমণকারীগণের পথপ্রদর্শক ইত্যাদি) | ১০ |
| ৩২১১১২৫ | পরিযায়ী পাখি রক্ষায় হাওর এলাকায় নিয়মিত গ্রাম ও বিলভিত্তিক প্রচারণা/টহলের মাধ্যমে গণসচেতনতা সৃষ্টি | ৬ |
| ৩২১১১১১ | কর্মশালা, সেমিনার, সভা | ৬ |
| ৩২৫৬১০৬ | পোষাক (ইউনিফর্ম) | ০.৫ |
| ৩২৫৭১০২ | বন্যপ্রাণী অপরাধ, সনাক্তকরণ এবং অপরাধ নিয়ন্ত্রণ কার্যক্রম | ২.৫ |
| ৩২৩১৩০১ | ট্যুর গাইড, জীববৈচিত্র সংরক্ষণ, স্মার্ট প্যাটরোলিং ও বন্য প্রাণী অপরাধ নিয়ন্ত্রণের বিষয়ক প্রশিক্ষণ | ২০ |
| ৩২২১১০৬ | বন্যপ্রাণী উদ্ধার পরবর্তী স্থানান্তর | ১.৫ |
| ৩২১১১৩৪ | অনিয়মিত শ্রমিক/বন্যপ্রাণী পর্যবেক্ষক | ৫ |
| ৩২৫১১০৬ | বন্যপ্রাণীর খাদ্য | ০.৩ |
| ৩২৫১১০২ | চিকিৎসা, ঔষধ এবং সেবা | ০.২৩ |
| ৩২৫২১০১ | বিছানাপত্র | ৩ |
| ৩২১১১০২ | পরিষ্কার পরিচ্ছন্নতা | ৩ |
| ৩২৫৭২০৬ | সম্মানীভাতা (টিওসি, টিইসি, পিইসিও অন্যান্য মিটিং) | ০.৫ |
| ৩২৫৭১০৪ | সার্ভে | ১ |
| ৩২২১১০৭ | কপি/অনুলিপি | ০.৫ |
| ৩২৫৭১০৩ | কম্পিউটার ও অন্যান্য সামগ্রী | ১ |
| ৩২৫৫১০৫ | অন্যান্য ব্যয় (বন্যপ্রাণী স্টাফিং, হার্বেরিয়অম প্রদর্শনী ও সংরক্ষণ ইত্যাদিসহ) | ১.৫ |
| ৩২৫৭১০১ | পরামর্শক: হাল্লা পাখিবাড়ীতে বিভিন্ন ঋতুতে আশ্রিত পাখি প্রজাতির সংখ্যা নিরুপণ, পাখিবাড়ির দীর্ঘমেয়াদী সংরক্ষণের গাইড লাইন তৈরী এবং তদানুযায়ী ব্যবস্থাপনা কমিটি ও কমিউনিটি টহল দল গঠন, প্রশিক্ষণ সহায়িকা তৈরী এবং প্রশিক্ষণ প্রদান | ২০ |
| ৩২৫৭১০১ | পরামর্শক: হাকালুকি হাওড়ের হাল্লা পাখিবাড়ী ও হাওড়ের জীববৈচিত্রের উপর ডকুমেন্টারী ফিল্ম তৈরী (১ মিনিট ও ৫ মিনিট) | ১০ |
| ৩২৫৭১০১ | পরামশক (নতুন নির্মাণ কাজ) ফি ৩% | ২০.৯৪ |
| মোট সরবরাহ ও সেবা (৩২০০) | | ১২৪.৭৭ |

| | | |
|---|---|---|
| মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন (যানবাহন, অফিস সরঞ্জামাদি) | | |
| ৩২৫৮১০১ | মোটর যানবাহন | ১.৫ |
| ৩২৫৮১০২ | আসবাবপত্র | ০.৩ |
| ৩২৫৮১০৩ | কম্পিউটার সরঞ্জাম | ০.৩ |
| ৩২৫৮১০৫ | যন্ত্রপাতি ও সরঞ্জাম | ০.৫ |
| ৩২৫৮১১৯ | বৈদ্যুতিক অবকাঠামো | ০.৭৫ |
| উপ-মোট (যানবাহন, অফিস সরঞ্জামাদি) | | ৩.৩৫ |
| ৩২৫৮১০৭ | হাল্লা অফিস মেরামত ও উন্নয়ন | ১০.০০ |
| ৩২৫৮১০৮ | অন্যান্য মেরামত (পাখীবাড়ির টিনের চালা/ওয়াকওয়ে, বন্যপ্রাণী রেসকিউ সেন্টার ইত্যাদি) | ১.৫ |
| ৩২৫৮১০৮ | রির্সোট/অন্যান্য স্থাপনার বাৎসরিক মেরামত | ২.০০ |
| উপ-মোট মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন (ভবনাদি) | | ১৩.৫ |
| মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন | | ১৬.৮৫ |
| মোট রাজস্ব ব্যয় | | ১৪১.৬২ |
| (খ) মূলধন ব্যয়: | | |
| ১. নির্মাণ ও পূর্ত | | |
| ৪১১১৪০১ | ভূমি উন্নয়ন | ২০.০০ |
| ৪১১১৩১৫ | গাড়ির গ্যারেজ নির্মাণ | ৭.০০ |
| ৪১১১৩০৪ | ফুট ট্রেইল (এইচবিবি নির্মাণ ৩ মি. প্রস্থ) | ৫৫.০০ |
| ৪১১১৩০৪ | সাবমারসিবল ওয়াকিং ট্রেইল (আরসিসি) নির্মাণ (৩ মি. প্রস্থ) | ৭৫.০০ |
| ৪১১১৩১৫ | সাইনবোর্ড/বিলবোর্ড নির্মাণ ও স্থাপন, ডিসপ্লে গাইড ম্যাপ | ১০.০০ |
| ৪১১১৩১৫ | ওভারহেড ট্যাকসহ সাবমারসিবল পাম্প ও পানি সরবরাহের লাইন স্থাপন | ২০.০০ |
| ৪১১৩১০২ | পার্ক এলকার সৌন্দর্য বর্ধন কার্যক্রম (বিভিন্ন স্থানে ফুলের বাগান, ঘেড়া বেড়া, ছড়া সংস্কার ইত্যাদি) | ৫.০০ |
| ৪১১১৩১৭ | সীমানা প্রাচীর নির্মাণ (মেটাল ও আরসিসি কলাম বিশিষ্ট) | ৩৫.০০ |
| ৪১১১৩১৭ | দুটি নন্দন প্রবেশ গেট নির্মাণ | ২০.০০ |
| ৪১১১২০১ | টিকিট কাউন্টার নির্মাণ | ১০.০০ |
| ৪১১১২০১ | পর্যটকদের আবাসিক রুম, রিসিপশন, সভা/প্রশিক্ষণ কক্ষ, কিচেন ও ইনিং সম্বলিত তিন তলা বিশিষ্ট রিসর্ট | ৩০০.০০ |
| ৪১১১৩১৭ | আরসিসি বসার বেঞ্চ | ৬.০০ |
| ৪১১১৩১৭ | ঘোলঘর নির্মাণ (৮.৮৩ ব: মি:) | ৮.০০ |
| ৪১১১৩১৭ | সাইট প্রটেকশান গাইডওয়াল | ৫০.০০ |
| ৪১১১৩১৭ | কার পাকিং এরিয়া নির্মাণ | ১০.০০ |
| ৪১১১৩১৭ | মেটাল/আরসিসি/কাঠের জেটি নির্মাণ | ১৫.০০ |
| ৪১১১৩১৭ | ওয়াস রুম (একই স্থাপনার একপাশে দুটি পুরুষ টয়লেট ও অন্যপাশে দুটি মহিলা টয়লেট) | ১৬.০০ |
| ৪১১১৩১৫ | পর্যটকদের চলাচলের সুবিধার্থে দিক নির্দেশনামূলক সাইনেজ স্থাপন | ৩.০০ |
| ৪১১২৩১৩ | রোড সাইড সোলার ও বিদ্যুতায়ন (১.০ কি: মি: পল্লী বিদ্যুৎ লাইন স্থাপন ও সংযোগসহ) | ৩০.০০ |
| ৪১১১৩১৫ | আধুনিক ডাস্টবিন/ট্রাসবিন স্থাপন | ৩.০০ |
| উপ-মোট (নির্মাণ ও পূর্ত) | | ৬৯৮.০০ |
| ২. সম্পদ সংগ্রহ ও ক্রয়: | | |
| ৪১১২১০১ | মোটর সাইকেল | ৫.০০০ |
| ৪১১২১০২ | ইঞ্জিন চালিত ফাইবার বডি বোট | ১৫.০০০ |
| ৪১১২১০২ | পর্যটকদের লেকে চলাচলের জন্য প্যাডেল বোট | ২০.০০০ |
| ৪১১২৩০৪ | বন্যপ্রাণী ধরা ও হেন্ডেলিং সরঞ্জাম | ২.০০০ |
| ৪১১২৩০৩ | রেফ্রিজারেটর | ১.৫০০ |
| ৪১১২৩১০ | এয়ারকুলার | ১০.৪০০ |
| ৪১১২৩১৬ | ক্রোকারিজ | ১.৫০০ |
| ৪১১২৩০৪ | ফটোকপিয়ার | ৫.০০০ |
| ৪১১২২০২ | ডেস্কটপ কম্পিউটার (এলইডি মনিটর ইউপিএসসহ) | ২.০০০ |
| ৪১১২২০২ | ল্যাপটপ | ১.৫০০ |
| ৪১১২২০২ | প্রিন্টার | ১.০০০ |
| ৪১১২২০২ | স্কেনার | ০.৬০০ |
| ৪১১২৩১০ | ট্রাইপডসহ মনোকুলার বাইনেকুলার | ৪.০০০ |
| ৪১১২৩১০ | বাইনেকুলার | ৪.০০০ |
| ৪১১২৩০২ | ডি.এস.এল.আর. ক্যামেরা ও লেন্স | ২.০০০ |
| ৪১১২৩১৪ | আসবাবপত্র ক্রয় | ২০.০০০ |
| ৪১১২৩১৬ | লাইফ বয়া | ১.০০০ |
| ৪১১২৩১০ | অফিস যন্ত্রপাতি (জি পি এস এবং অন্যান্য) | ২.০০০ |
| ৪১১২৩১৩ | সোলার প্যানেল (প্রতিটি ৩০০ ওয়াট ক্ষমতাসম্পন্ন) | ২.২৫০ |
| মোট সম্পদ সংগ্রহ ও ক্রয় | | ১০০.৭৫০ |
| (গ) বনায়ন | | |
| ৪১১৩১০২ | (ক) বাগান সৃজনের জন্য জলজ ও বিলুপ্ত প্রজাতির (হিজল, করচের) চারা উত্তোলন (প্রতি হেক্টেরের | ১.৫৬ |

| | | |
|---|---|---|
| | জন্য ২০% অতিরিক্ত হিসেবে ৩১২৫ টি @৫০/-) | |
| ৪১১৩১০২ | চারার রক্ষণাবেক্ষণ প্রতিটি ৩/- হিসেবে | ০.০৯ |
| ৪১১৩১০২ | বাগান সৃজন (রোপন ২৫০০টি/হেঃ@৫০/-) | ০.৬৩ |
| ৪১১৩১০২ | ১ম বছর বয়সী বাগানের ৩ বার আগাছা বাছাই | ০.৩৮ |
| ৪১১৩১০২ | ২য় বছর বয়সী বাগানের ৩ বার আগাছা বাছাই | ০.৩৮ |
| | মোট বনায়ন (গ) | ৩.০৩১ |
| | (ক) মোট রাজস্ব ব্যয়: | ১৪১.৬১৫ |
| | মোট মূলধন ব্যয় (খ+গ) | ৮০১.৭৮১ |
| | **মোট রাজস্ব ব্যয় ও মোট মূলধন ব্যয় (ক+ খ+গ):** | ৯৪৩.৪০ |
| | **ভৌত কনটিনজেন্সি ২%(ঘ)** | ১৮.৮৭ |
| | **প্রাইস কনটিনজেন্সি ৪%(ঙ)** | ৩৭.৭৪ |
| | **সর্বমোট প্রকল্প ব্যয় (ক+ খ+গ+ঘ+ঙ)** | ১,০০০.০০ |

প্রকল্প বাস্তবায়নের অন্যান্য শর্তাবলীঃ

১। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা অনুসরণ করতে হবে। প্রকল্পের কাজ শুরুর পূর্বে (pre-work) এবং কাজ চলাকালীন (post work) এর স্থির চিত্র/ভিডিও সংরক্ষণ করতে হবে;

২। এ অর্থ সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে এবং প্রকল্পের আওতায় উল্লিখিত ক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের Public Procurement Act (PPA), ২০০৬ এবং Public Procurement Rule (PPR), ২০০৮ অনুসরণ করতে হবে;

৩। এ অনুমোদন আদেশ জারির পর প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয় যথাশীঘ্র প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করবে এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে;

৪। অনুমোদিত প্রকল্প প্রস্তাব বহির্ভূত কোনো অংশে এ অর্থ ব্যয় করা যাবে না;

৫। প্রকল্পের আওতায় Project Implementation Committee (PIC) গঠনপূর্বক বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টকে অবহিত করতে হবে;

৬। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প কার্যক্রম নিয়মিত মনিটরিংপূর্বক প্রতিবেদন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে প্রেরণ করতে হবে;

৭। অনুমোদিত প্রকল্পের অর্থছাড়ের ক্ষেত্রে ব্যয় বিভাজন (চার কিস্তির অর্থ সমভাবে বিভক্তপূর্বক) নির্ধারিত ছকে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণ করতে হবে;

৮। প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব ও আর্থিক) প্রতিবেদনের হার্ড কপি এবং সফট্ কপি bcctmoef@hotmail.com এ ই-মেইল ঠিকানায় প্রেরণ নিশ্চিত করতে হবে;

৯। প্রকল্প বাস্তবায়ন শুরুর পূর্বে প্রকল্প এলাকার বর্তমান অবস্থা/পরিস্থিতির রঙ্গিন ছবি ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে;

১০। প্রকল্প পরিচালকের কার্যালয়ে এবং প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন এলাকায় বিসিসিটি কর্তৃক নির্ধারিত পরিমাপ (৩ ফুট বাই ২ ফুট) ও স্পেসিফেকেশন অনুযায়ী প্রকল্পের সংশ্লিষ্ট তথ্য সম্বলিত দৃশ্যমান সাইনবোর্ড স্থাপন করতে হবে;

১১। সংশোধিত জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালা অনুযায়ী অনুমোদন আদেশ জারির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে প্রকল্পের কার্যক্রম শুরু করা না হলে প্রকল্পের অনুমোদন আদেশ বাতিল বলে গণ্য হবে;

১২। প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে এবং জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালার অনুচ্ছেদ ১০.১ অনুযায়ী প্রকল্পের সার্বিক ও আর্থিক দায়ভার প্রকল্প পরিচালক/বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থার উপর বর্তাবে এবং প্রকল্প শেষে অডিট রিপোর্টের কপি বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে যথাসময়ে প্রেরণ করতে হবে;

১৩। প্রকল্পের ব্যাংক বিবরণীসহ অব্যয়িত অর্থ সুদ সমেত এবং প্রকল্পের অনুকূলে ক্রয়কৃত মালামাল ও যন্ত্রপাতি বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে ফেরত প্রদান করতে হবে।

১৪। বাস্তব বাজার দরের সাথে মিল রেখে মূল্য নির্ধারণকরত: গুণগতমান বজায় রেখে স্রেডা (SREDA) কর্তৃক অনুমোদিত ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী প্রস্তাবিত কাজ বাস্তবায়ন করতে হবে।

১৫। প্রকল্প সমাপ্তির ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে প্রকল্প পরিচালক কর্তৃক প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) নির্ধারিত ছকে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে প্রেরণ করতে হবে।

১৬। অর্থ মন্ত্রণালয়ের গত ০৩ জুলাই ২০২২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯.০১ নং পরিপত্র অনুযায়ী নির্দেশনাসমূহ প্রতিপালন করতে হবে।

২৫/১/২০২৩

(লুবনা ইয়াসমীন)
যুগ্মসচিব
ফোন:০২-২২৩৩৯০০১৭

বিতরণ:

০১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।

০২। প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (অনুমোদিত প্রকল্প প্রস্তাবের ১ প্রস্তসহ)।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। জেলা প্রশাসক, মৌলভীবাজার (প্রকল্পটি জেলা উন্নয়ন সমন্বয় সভায় এজেন্ডায় অন্তর্ভুক্তকরণ এবং পরিবীক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

০৩। মাননীয় উপমন্ত্রী.র একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপমন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

০৪। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

০৫। উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা, মৌলভীবাজার।

০৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।